

দাবিতে আন্দোলন চলেছে রেজিস্ট্রারের দপ্তর থেকে ফাইল সরিয়ে ফেলার অভিযোগ

সিলেট অফিস >

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে উপাচার্যের পদত্যাগের দাবিতে আন্দোলন কর্মসূচি চলছে। গতকাল শনিবার সকাল থেকে বিকেল ৪টা পর্যন্ত প্রশাসনিক ভবনের সামনে অবস্থান কর্মসূচি পালন করেন আন্দোলনরত শিক্ষকরা।

এদিকে আন্দোলন চলা অবস্থায় গত শুক্রবার রাতে রেজিস্ট্রার কার্যালয় থেকে ফাইলপত্র সরিয়ে ফেলা হয়েছে বলে অভিযোগ করেছেন আন্দোলনকারী শিক্ষকরা। তাঁদের অভিযোগ রাতের আধারে রেজিস্ট্রারের দপ্তর খুলে উপাচার্যের দুর্নীতির ফাইলপত্র সরিয়ে নেওয়া হয়েছে। এ বিষয়ে জানতে রেজিস্ট্রার ইশফাকুল হোসেনের সঙ্গে একাধিকবার যোগাযোগ করা হলেও তিনি ফোন ধরেননি।

গতকাল বিশ্ববিদ্যালয়ের সাপ্তাহিক ছুটির দিন হওয়া সত্ত্বেও সকাল সাড়ে ৮টা থেকে বিকেল ৪টা পর্যন্ত উপাচার্য ভবনের সামনে অবস্থান কর্মসূচি পালন করে 'মহান মুক্তিযুদ্ধের চেতনায় উজ্জ্বল শিক্ষকবৃন্দ' নামের শিক্ষকদের সংগঠন।

এ কর্মসূচি চলাকালে শিক্ষকরা দেখতে পান রেজিস্ট্রার দপ্তরের দরজার তালায় সপ্তে একটি চাবি ঝুলে আছে। সপ্তে সপ্তে তাঁরা বিষয়টি পুলিশ ও সাংবাদিকদের অবহিত করেন। শিক্ষক ফারুক উদ্দিন বলেন, 'রেজিস্ট্রারের কক্ষের চাবি রেজিস্ট্রারের কাছেই থাকে। রাতের আধারে উপাচার্যের দুর্নীতির নথিপত্র সরতে গিয়ে তিনি ভুল করে চাবি রেখেই চলে গেছেন।'